অমৃতবাজারপত্রিকা

মূল্যঃ—অগ্রিম বার্ষিক ৮॥০, ডাক মাশুল ১॥০, ষাণ্মাসিক ৪৸০, ডাক মাশুল ৸০, ত্রৈমাসিক ৩; ডাক মাশুল ।৵০ আনা। অনগ্রিম বার্ষিক ১০॥০, ডাক মাশুল ১॥০ টাকা। প্রতি খণ্ড ।৵০ আনা।

বিজ্ঞাপন প্রকাশের মূল্যঃ—প্রতি পংক্তি, প্রথম, দ্বিতীয় ও তৃতীয় বার ৵০, চতুর্থ ও ততোধিকবার ৶০ আনা। ইংরেজী প্রতি পংক্তি ।০ আনা।

১০ম ভাগ। } কলিকাতাঃ—১লা অগ্রহায়ণ—বৃহস্পতিবার, সন ১২৮৪ সাল। ইং ১৫ই নবেম্বর ১৮৭৭ খৃঃ অব্দ। } ৪০৮ সংখ্যা।

অমৃতরস ॥

সর্ব্বহিতৈষী পরম কারুণিক এক সন্ন্যাস হইতে প্রাপ্ত

মহৌষধ।

ইহা কেবল কতকগুলি দেশী ও কতক গুলিন র্ব্বতজাত বনৌষধি সংযোগে রস প্রস্তুত হইয়া মন অসাধারণ বহুবিধ রোগনাশক শক্তি ধারণ রিয়াছে, যে অমৃত রস উপাধিতে প্রতিষ্ঠিত হইয়া স্তুবিক তদ্রূপ কার্য্য করিতে সমর্থ। কি মহতী শ্চর্য্য বৃক্ষ, লতা, বল্লী প্রভৃতি বনস্পতিতে বিশ্ব- টা যে কি চমৎকার গুণ প্রদান করিয়াছেন তাহার ঢ় মর্ম্ম লোকে সবিশেষ বিদিত থাকিলে ব্যাধি- দের মানব দেহকে নানা প্রকার রোগের যন্ত্রণা র্ঘ কাল সহ্য করিতে হইত না, এবং অকালে কালের হইতেও হইত না।

অপরঞ্চ অমৃত রস কি চমৎকার ঔষধ। ইহা বনে অনেক অনেক দুঃসাধ্য, কষ্টসাধ্য ও অসাধ্য গ ও শান্তি হইতে দেখা গিয়াছে। এমন কি ক্ষয়, মা, শূল ও বহুবিধ শীরপীড়া, হৃদ্রোগ শ্বাসকাশ কম্প, অম্লপিত্ত অম্ল শূল, পুরাতন জ্বর, প্রমেহ, হামারিজ্বর, উপদংশ পারদ ঘটীত দোষ,, মূত্রকৃচ্ছ্র, বহুমুত্র, রক্তবিকার, প্লীহা, পাণ্ডু, যকৃৎ ও গ্রহণী প্রভৃতি সকল প্রকার রোগ প্রতিকারে ইহা উৎকৃষ্ট। লোকদিগের কতকগুলিন বিশেষ রোগ আছে, এ ঔষধ তাহার শীঘ্র প্রতিকারক। সূতিকা, প্রদর মূর্চ্ছা, ভৌতিক রোগ, স্বপ্নে ভয়দর্শন, প্রভৃতি রোগে, স্বচ্ছন্দ বিধেয়। মহাপুরুষের এমনও আজ্ঞা আছে যে যথানিয়মে ঔষধ সেবন করিলে মৃতবৎসা দোষও থাকিবে না। পরন্তু এমত নির্দ্দোষ ঔষধ যে দুগ্ধপোষ্য শিশুরও সেব্য এবং পরমোপকারী।

উদাসীনের দত্ত আমার এই মহৌষধ ইংরাজি ১৮৬৮ সাল হইতে প্রচার হইয়াছে। ইহার পূর্ব্বে কোন বাঙ্গালি কোন প্রকার ঔষধ প্রকাশ করেন নাই। আমার প্রকাশের পরে এই আট বৎসরে যে কতই ইহার নকল হইল তাহার ইয়ত্তা নাই। কিন্তু অসল ও নকল, অনেক বিভিন্ন। পূর্ব্বে পুস্তকাকারে অসংখ্য আরোগ্য সমাচার ছাপান হইয়াছে, এক্ষণ নূতন কয়েক খানি আরোগ্য সমাচার প্রকাশ করা যাইতেছে।

শিশির মুল্য ৫॥০ টাকা। ডাকমাশুল আন্দাজ ৵০। ব্যারিং এবং পেড একই মাশুল।

ওলাউঠার অত্যাশ্চর্য্য অমোঘ বটিকা।

যাহে তাহা সকল প্রকার ঔষধ অপেক্ষা এই ঔষধের চমৎ- কার গুন প্রকা[illegible]ছে, ইহা দ্বারা অতি অল্প সময়ের মধ্যে রোগ নিবারণ হয়। অধিকাংশ লোক ৫। ৬ ঘন্টার মধ্যে আরোগ্য হইয়াছেন। আমি পূর্ব্বে সহর আম্বালায় বার শত, এবং এ স্থানে আট শত বারজন লোকের দাতব্য চিকিৎসা করিয়াছি, তন্মধ্যে শতকরা ৯০ জন রোগীর অধিক আরোগ্য হইয়াছে। ইহা তালিকা দ্বারা প্রমাণ পাওয়া গিয়াছে।

এই ঔষধের ৫০ পঞ্চাশ বটিকার মূল্য ৫ টাকা মাত্র, ইহা দ্বারা ২০ জন রোগী আরোগ্য হইতে পারে।

নিম্নলিখিত আরোগ্য সমাচার ছাপান যাই- তেছে। শ্রীহেমচন্দ্র বন্দোপাধ্যায়।

মিশির পোখরা, বেনারস।

আরোগ্য সমাচার।

মহাশয় আপনার অমৃত রস আমি ১৫০ টাকার আনাইয়াছি; ইহা অতি আশ্চর্য্য ঔষধ বিবিধ দুরূহ রোগে তাহার অদ্ভুত শক্তি দৃষ্টি করিয়া আমরা চমৎকৃত হইয়াছি। শূল, পুরাতন, নূতন, হাঁপানি কাশী, জ্বর, যক্ষ্মা, গ্রহণী, স্ত্রীলোকের মুর্ছা রোগে ইহার সম্যক উপকারিতা দৃষ্টি করা গিয়াছে।

শ্রীকৈলাসচন্দ্র রায় মহাশয়

জমিদার ও অনারেরী মাজিষ্ট্রেট দেহুড়দা

জেলা বালেশ্বর।

আমার কনিষ্ঠা ভগ্নী জ্বর, প্রদর, অরুচি, শর ও মস্তক ফোলা, নাক হইতে শিরা বাহির হওয়া। গা, হাত ও পা কামড়ানি ইত্যাদি নানাবিধ পীড়ায় অত্যন্ত কষ্ট পাইতেছিল, মহাশয়ের অমৃত রস সেবনে সম্পূর্ণ আরোগ্য হইয়াছে। আমার প্রতিবাসী শ্রীযুক্ত প্রাণকৃষ্ট হালদার জ্বর, বহি, অর্শ, অজীর্ণ রোগে অতিশয় কষ্ট পাইতেছিলেন, অজীর্ণ এরূপ হইত, যে অন্ন আহারের পরের দিন পরে ঐ অন্ন স্ব আকারে নির্গত হইত, আপনার অমৃত রস সেবন করিয়া আশ্চর্য্য আরোগ্য হইয়াছেন। শ্রীরামচন্দ্র নন্দ

মোং তেলীপাড়া, জয়নগর পোঃ আঃ।

ইতগ্রে মহাশয়ের নিকট হইতে যে অমৃত রস ঔষধ সমভিব্যাহারে আনা হয়, বিগত বৈশাখ মাসের মধ্যে মৎ পত্নি নানা প্রকার উৎকট ব্যাধিগ্রস্ত হই- য়াছিলেন। এমন কি জীবন রক্ষার কোন উপায় ছিল না। এমত অবস্থায় ঐ ঔষধ সেবনান্তর কতিপয় দিবসের মধ্যেই আরোগ্য লাভ করিয়াছেন।

শ্রীঈশ্বরচন্দ্র রায় চৌধুরি জমিদার।

মোং বাহালগ্রাম, রহিমগঞ্জ, পোঃ আঃ

আপনার প্রকাশিত অমৃতরস আনয়ন করিয়া আমার পরিবারকে সেবন করানতে অনেক পরিমাণে রোগের উপসম বোধ হইতেছে শারিরিক দুর্ব্বলতা পূর্ব্বাপেক্ষা অনেক বিশেষ হই- য়াছে তবে উদরের বেদনা যে একেবারে আরাম হইয়াছে তাহা বলিতে পারি না, এক্ষণ যে অবস্থা দেখিতেছি, তাহাতে বোধ হয় আরও কিছু অধিক কাল ঔষধ সেবন করাইলে সম্পূর্ণ আরোগ্য হওয়ার সম্ভব। কারণ পীড়াও নিতান্ত অল্প দিবসের নহে।

শ্রীশশীভুষণ হালদার, ডেপুটী মাজিষ্ট্রেট।

মোং মাতাভাঙ্গা জেলা কুচবেহার।

মহাশয় বৎসরাবধি আমি জ্বর, এবং কাশে অত্যন্ত কষ্ট পাইতেছিলাম, ডাক্তারি ও বৈদ্যমতে নানাবিধ ঔষধ ব্যবহার করাতে ও পীড়ার কিঞ্চিৎ মাত্র উপসম না হওয়ায় পরিশেষে মহাশয়ের জগৎ পরিচিত অমৃত রস ব্যবহার করাতে সম্যক আরোগ্য লাভ করিয়াছি। আমার যেরূপ উপকার করিলেন ইহাতে মহাশয়ের নিকট চিরকৃতজ্ঞতা পাশে বদ্ধ থাকিলাম, এবং যাহাতে আপনার অমৃতরস এই গ্রামে এবং ইহার চতুঃপার্শ্বে বিশেষ প্রকারে পরি চিত হয়, তজ্জন্য সর্ব্বদা চেষ্টিত থাকিলাম।

শ্রীরমানাথ বন্দ্যোপাধ্যায়

মোং হরিপুর, জেলা, দিনাজপুর।

মহাশয় আপনার উদাসীন দত্ত অমৃত রস মহৌ- ষধের গুণ ভুবন বিখ্যাত এবং কয়েকটি রোগীকে আশ্চর্য্য আরোগ্য লাভ করিতে দেখিয়া অসীম আনন্দ সাগরে মগ্ন হইয়াছি। না জানি মহাশয় কত প্রাণীকে অকাল কাল গ্রাস হইতে মুক্ত করিয়া কতই পুণ্য উপার্জ্জন করিতেছেন ইহাতে আপনাকে অগণ্য ধন্যবাদ করিতেছি।

চৌধুরী শ্রীপ্রতাপ নারায়ণ রায় জমিদার।

মোং বাশডিহা, জেলা, বালেশ্বর।

আপনার জগদ্বিখ্যাত মহোপকারী ঊষধের গুণ বিষয়ে এ সামান্য লেখনী বা কি বর্ণনা করিতে পারে সর্ব্বদাই শুনিতেছি, যে আপনার কৃপায় অত্রাঞ্চলের অনেক অনেক ব্যক্তি করাল কাল রোগের হস্ত হইতে মুক্তি লাভ করিতেছেন। আমরা চাক্ষুষ শ্রীযুত রাধামোহন মুখোপাধ্যায়কে ভয়ানক সত্তিঞ্চ গ্রহনী রোগ হইতে এবং তাঁহার স্ত্রীকে অনেক দিনে প্রাচীন শ্বাস রোগ হইতে আশু মুক্তিলাভ করিতে দেখিয়া বিশেষ ধন্যবাদ দিতেছি। অমৃত রস নামে সার্থকতা সম্পাদন করিতেছে। শ্রীশ্যামাচরণ মিত্র।

ডেপুটী পোষ্টমাষ্টার, মোং বাঁশডিহা।

গত বৎসর মহাশয়ের নিকট হইতে অমৃত রস আনাইয়া সেবন করায় আমার যে শূলবেদনা ছিল তাহাতে মুক্তি পাইয়াছি। শ্রীজয় গোবিন্দ দত্ত।

মোং জতনপুখরী, জেলা জলপাইগুড়ি।

মহাশয়ের অমৃত রস ঊষধ ভগন্দর রোগে সেবন করান হয় তাহাতে ক্ষত আরোগ্য হইয়াছে, দাগ মাত্র আছে। শ্রীগোবিন্দ চন্দ্র সেট।

মোং ফাসি দেওয়া, জেলা দারজিলিং

আমি হেম বাবুর অমৃতরস অনেক রোগে পরীক্ষা করিয়াছি, এবং অনেক প্রকার রোগেতে ইহার আশ্চর্য্য গুণ দেখা যায়। কএক জন রোগী যাহাদের বাচিবার কোন ভরসা ছিল না, এই ঔষধ সেবনে আশ্চর্য্য আরোগ্য হইয়াছে।

শ্রীকৈলাশচন্দ্র বন্দোপাধ্যায়, ডাক্তার।

৺ কাশীধাম।

মহাশয়ের মহৌষধ অত্র স্থানে যিনি যিনি সেবন করিয়াছেন সকলেই সুন্দর রূপে আরোগ্য লাভ করিয়াছেন। শ্রীলোকনাথ দাস বসু।

মোং কটক

আপনার অমৃতরস মহৌষধের চমৎকার গুণ। অত্র কাঁথিতে যাহারা সেবন করিয়াছেন, তাঁহারা সকলেই আরোগ্য লাভ করিয়াছেন।

শ্রীমহেন্দ্র নারায়ণ মাহিতি।

মোং কাঁথি, জেলা মেদিনীপুর।

মহাশয়ের অমৃতরস সেবনে দাদা মহাশয়ের বিশেষ উপকার লাভ হইয়াছে। তাঁহার শূল ব্যথা এবং পেটের ডাক আরোগ্য হইয়াছে।

শ্রীপ্রসন্ন কুমার দাস।

মোং রত্নপুর, জেলা মুরশিদাবাদ।

ইত্যগ্রে যে ঔষধ আপনার নিকট হইতে আনান হইয়াছিল তাহা আপনার প্রেরিত নিয়মাবলী নিয়- মানুসারে সেবন করাতে পুর্ব্বাপেক্ষা অসুস্থের অনেক হ্রাস হইয়া আপাততঃ শরীরের স্ফুর্ত্তি লাভ করি- য়াছি। শ্রীনারায়ণ চন্দ্র চৌধুরী রায় বাহাদুর।

মোং চুড়ামন।

মহাশয় আপনার অমৃত রস ঔষধের অনির্ব্বচনীয় গ। আমার আত্মীয়ের জর প্লীহা এবং পেটের ব্যায়রাম ছিল। এই ব্যায়রাম গুলি অল্প দিনের হইলে জর প্রায় ।৮ বৎসরকার প্লীহা প্রায় ৪।৫ বৎসরকার এবং পেটের পীড়া প্রায় এক বৎসর হইল হইয়াছিল। যৎপরোনাস্তি দুর্ব্বল ছিলেন। উক্ত ঔষধ এক শিশিসেবন করিয়াই রোগ প্রায় চৌদ্দ আনা আরাম হইয়াছে। জর একবারে বন্ধ হইয়াছে; প্লীহা বারো আনা ভাগ কমিয়া গিয়াছে। প্রত্যহ ১০।১২ বার বাহ্যের মধ্যে এক্ষণে ২।৩ বার যান। বাহ্যে যে রক্তের চিহ্ন দেখা দিত তাহাও আরোগ্য হইয়াছে। এ ঔষধে যে অনেকেই অকাল ,কালগ্রাস হইতে রক্ষা পাইয়াছেন তাহার আর ভুল নাই।

শ্রীযোগেন্দ্র চন্দ্র বসু।

মোং হুগলি, ঘুটিয়া বাজার।

আপনার প্রেরিত এক শিশি অমৃতরস ঔষধ আমার কনিষ্ঠ সহোদরকে সেবন করাইয়া তাহার পীড়া অনেকাংশে সাহায্য হইয়াছে। প্লীহা, জর, ও উদরাময় এই তিন প্রকার পীড়া আমার উক্ত সহোদরটির হইয়াছিল, আপনার অমৃতরস সেবন করিয়া জর বন্ধ হইয়াছে। উদরাময় আরোগ্য হইয়াছে।

শ্রীদক্ষিণাপদ রায় চৌধুরী।

মহিয়রাধা পোঃআঃ

মহাশয় এক শিশি আরক আনাইয়াছিলাম এবং একটি স্ত্রী লোক পুরাতন জর আদি নানা প্রকার পীড়ায় কষ্ট পাইতে ছিল, কিন্তু মহাশয়ের অমৃত রস সেবন করাতে চমৎকার আরোগ্যলাভ করিয়াছে,

শ্রীবনমালী পাল, মোং গুনটিয়া ভায়া সিন্দিয়া।

অমৃত রস ঔষধ অত্র সবডিবিজন ধুবড়ির শ্রীযুক্ত বাবু মতিলাল লাহিড়ি প্রভৃতি আনায়ন ও সেবন করিয়া আরোগ্য লাভ করিয়াছেন।

শ্রীরায় প্রতাপচন্দ্র বড়ুয়া বাহাদুর।

মোং গৌরিপুর ধুবড়ি।

মহাশয় আপনার অমৃত রস মহৌষধের অসাধারণ গুণে আমার পূজনীয় পিতা ঠাকুর মহাশয়ের মেহ, কাশ, ও জর প্রায় নিঃশেষিত হইয়াছে। ইত্যগ্রে ক্রমিক তিন শিশি অমৃত রস আনয়ন করিয়া উল্লিখিত পিতা ঠাকুর মহাশয়কে সেবন করায় কাশ ও জর হইতে একবারে নিস্কৃতি পাইয়াছেন মেহের পীড়া বার আনা আন্দাজ আরোগ্য হইয়াছে, চার আনা পরিমাণে বাকি আছে। বোধ করি তাহাও একবারে নিঃশেষিত হইত। ফলতঃ অর্থের অকুলন বশতঃ এক সঙ্গে উক্ত তিন শিশি অমৃত রস সেবন করাইতে পারি নাই এক শিশি সেবন করিয়া মধ্যে অনেক দিন বাদে অপর শিশি সেবন করিতে হইয়াছিল, এবং নিয়ম মত পথ্যাধি দওয়া হয় নাই বিশেষতঃ মেহের পীড়াটী অল্প দিনের নয়। প্রায় ২৫ বৎসর হইল ইহার সুত্রপাত হইয়াছে।

শ্রীবর্ণেশ্বর মুখোপাধ্যায়

মোং চুড়ামন জেলা মালদহ

মহাশয়ের নিকট হইতে গত মাসে যে ঔষধ আনাইয়াছিলাম তাহা ছয় জন রোগীকে দেওয়ায় উত্তম রূপ আরোগ্য হইয়াছে। বিসুচিকার এমন ঔষধ আর হয় নাই, ছয় ঘন্টার মধেই সকলে আরোগ্য লাভ করিয়াছে।

শ্রীগোপচন্দ্র বন্দ্যোপাধ্যায়।

নেটিব ডাক্তার, ছাপরা জেলা আরা।

মহাশয়ের ঔষধের গুণ মৌখিক ভিন্ন পত্রে বর্ণনা করা যায় না। একাদিক্রমে ১৮টী ওলাউঠা রোগী আরোগ্য হইয়াছে। অধিকাংশ রোগীকে ২টী বটিকা কোন কোনটীকে একটী মাত্র দেওয়া গিয়াছে। মহাশয়ের ঔষধ যথার্থ তাহার কোন ভুল নাই ঐ সকল রোগী অতি দীন হীন লোক, কেবল মহাশয়ের পুণ্যার্থে, এবং সংবাদ প্রকাশার্থ, বিনামুল্যে দেওয়য়াছিম

মহিদ্দিন।

ইন চার্জ কুরকুরিয়া চা-বাগান সোউপুর আসাম

আপনি যে ওলাউঠা রোগের ঔষধ পাঠাইয়াছিলেন ঐ ঔষধ ৫ জন রোগীকে দেওয়া হইয়াছিল, তাহাতে সকলেই আরোগ্য লাভ করিয়াছেন।

শ্রীরাধাবল্লভ সিংহ দেব জমিদার।

মোং কুচিয়াকোল, জেলা বাঁকুড়া

আপনার প্রেরিত ওলাউঠা ঔষধ প্রাপ্ত হইয়া যার পর নাই বাধিত হইলাম। কয়েক জন রোগীকে ঔষধ ব্যবহার করাইয়া ফল পাওয়া গিয়াছে।

জোম্মরুল হোসেন, দেওয়ান।

মোং তালিবপুর, ষ্টেট বহরমপুর।

আমাদের নিকট কয়েক গ্রামে ওলাউঠার প্রাদুর্ভাব হইয়াছে, আপনার প্রেরিত বটিকায় কয়েক জনার আশ্চর্য্য উপকার হইয়াছে।

শ্রীকৈলাসচন্দ্র রায় মহাশয়, জমিদার।

অনারারী মাজিষ্ট্রেট মোং দেহড়দা, জেলা বালেশ্বর।

আমার কনিষ্ঠ ভ্রাতার পুরাতন জর, প্লীহা, অরুচি, উদরাময় ও মুখে ঘা হইয়া অধিক কষ্ট ভোগ করিতেছিল এবং উত্তমোত্তম বৈদ্য ও ডাক্তার দেখান হইয়াছিল কিন্তু কিছুতেই উপশম হয় নাই, অবশেষে মহাশয়ের অমৃত রস আনাইয়া সেবন করাইয়াছিলাম তাহাতে আরোগ্য লাভ করিয়া সুন্দর ও সুশ্রী হইয়াছে।

শ্রীরাখাল দাসচক্রবর্ত্তী হিতসাধনী সভার সম্পাদক।

সাং নান্দালা জেলা বর্দ্ধমান।

ইতি পুর্ব্বে যে এক শিশি অমৃত রস আনাইয়াছি তাহা সেবনে শূল বেদনার হ্রাস হইয়াছে এমন কি বেদনা আর কিছু মাত্র টের পাওয়া যায় না মধ্যে মধ্যে পেট জ্বালা করিয়া থাকে কিন্তু তাহাও আহার করিলে কমিয়া যায়।

শ্রীচন্দ্রমোহন চক্রবর্ত্তী

সাং পারলিয়া জেলা ঢাকা।

আপনার অমৃত রসের গুণ আমি সামান্য লেখনীতে কি বর্ণিব। যদি কোন গুণবান প্রত্যক্ষ করেন তবে কিছুমাত্র বর্ণন হইতে পারে। বাস্তবিক রোগবিনাশ জন্য অমৃতরস প্রকৃত ধন্বন্তরা বলিয়া প্রতয়হয়।

আমি পেটের অসুখ, প্রাচীন জর ও শারীরিক দুর্ব্বলতায় দীর্ঘকাল কষ্টভোগ করিয়া গত সেপ্‌টেম্বর মাসে এক শিশি মাত্র সেবন করিয়া প্রায় সাত মাস কাল বিনা ঔষধে উত্তম ভাবে সুস্থ ছিলাম। অমৃত রসে আমার অত্যন্ত উপকার হইয়াছে আমি আরও খাইব।

শ্রীমতিলাল লাহুড়ী

সাং দিদলী জেলা গোয়ালপাড়া।

আপনার প্রেরিত মহৌষধ অদ্য ১৫ দিবস পর্য্যন্ত সেবনে বোধ হইতেছে যে ব্যাধি অর্দ্ধেক পরিমাণ নিবারণ হইয়াছে।

শ্রীচন্দ্রনাথ রায়

লক্ষ্মণপুর জেলা রঙ্গপুর।

পূর্ব্বে যে আপনার নিকট হইতে অমৃত রস এক শিশি আনাইয়াছিলাম তাহা সেবনে কাশ ও উদরের পীড়া এক কালীন আরোগ্য হইয়াছে।

শ্রীশ্রীনাথ ঘোষ

লক্ষ্মণকাঠি জেলা বরিসাল।

গত ফালগুণ মাসে আমার স্ত্রীর পুরাতন জর ও প্লীহা প্রভৃতি নানা রকম রোগের জন্য আপনার অমৃত রস এক শিশি আনাইয়া সেবন করানতে সম্পূর্ণ আরোগ্য হইয়াছে।

শ্রীযদুনাথ ঘোষ

সাহেবগঞ্জ ষ্টেশন।

অমৃত রস সেবনে পীড়া কিছু বিশেষ হইয়াছে একারণ মহাশয়কে লেখা যায় যে অনুগ্রহ করিয়া পুনরায় দুই শিশি পাঠাইয়া দিবেন।

শ্রীগোপাল চন্দ্র গোস্বামী।

জমিদার শ্রীরামপুর।

কিছু দিন হইল আপনার নিকট হইতে এক বোতল অমৃত রস আনাইয়াছিলাম তাহা ... করিয়া আমার মাতা ঠাকুরাণীর বহু কালের অম্লশূ... অনেক পরিমাণে উপশম হইয়াছে বোধ করি আর কিছু কাল ব্যবহার করিলে পীড়া একবারে আরোগ্য হইতে পারে।

শ্রীদিননাথ ঘোষ ইনেস্পেক্টর।

বাঘোলি ষ্টেশন জেলা হুদই।

ওলাউঠার বটিকা।

আপনার প্রচারিত কলেরার মহৌষধি আনাইয়া দুইটী রোগীকে ব্যবহার করাইয়া আশ্চর্য্য ফল পাইয়াছি। দুইটী কলেরা রোগীই প্রথমতঃ দেশীয় পরে ডাক্তার দ্বারা চিকিৎসিত হয়, কিছুতেই উপসম না হইয়া জীবন সংশয় হইলে পর আমি উক্ত রোগীদ্বয়কে ৫ বটিকা সেবন করাই ও অতি অল্প কাল মধ্যে উপসম হইয়া সুস্থতা লাভ করিয়াছে। ইহা দেখিয়া এখানকার অনেক লোক ... হইলে রক্ষা পাইব বলিয়া ভরসা করিয়াছেন।

শ্রীদ্বারকা নাথ সেন।

মেডিকেল প্রাকটীশনার রাজনগর।

আপনার প্রণীত ওলাউঠার অমোঘ বটিকা ইতিপূর্ব্বে যাহা আনাইয়াছিলাম তাহাতে অনেকের উপকার হইয়াছে। ঔষধ প্রায় নিঃশেষিত হইল।

শ্রীমধুসূদন সরকার।

গদী রেশম কুটী জিয়াগঞ্জ।

মহাশয়ের প্রেরিত ওলাউঠার ৫০টী বটিকা প্রাপ্ত হইয়া কয়েকটি রোগীকে সেবন করান হইয়া ছিল। তাহারা সকলেই যমালয় হইতে প্রত্যাগমন করিয়া উত্তম রূপে সুস্থ হইয়াছে।

শ্রীশশিভূষণ চৌধুরি।

মানিকগঞ্জ।

আপনার নিকট হইতে আমি কলেরার পিল আনাইয়া প্রায় ৯০ই জন রোগী আরোগ্য করিয়াছি। আপনার জ্ঞাত জন্য নিবেদিলাম।

কুমার শ্রীকৃষ্ণ গোপাল আধুর্য্য।

মলিয়াডা রাজবাটী দুর্গাপুর।

I have much pleasure to inform you that during the present outbreak of cholera here I have been able to cure several cases without any failure by the use of the said Pills.

Your's very faithfully
Tarinee Prosad Pleader
Judge's Court, Bhugulpore.

I have much pleasure in acknowledging the efficacy of your invaluable cholera pills. I have personally tried them in five cases with complete success. I have been convinced that they are really a great boon to the country being the only medicine which as far as I am aware can best cope with the fell disease.

Your's most faithfully
Krishna Bullubh Roy, Vakil Jungipore
Moonsiff's Court. Moorseedabad.

I am very glad to say that your cholera pills have cured all the 10 cases in which they were administered.

Signed D. V. Sapray.
Bankipore.

I have the honor to inform you that your medicine for cholera was received here, when the disease had nearly disappeared from the town. It was however administered in two cases with successful result.

Signed T. B. Miller,
Private Secretary.

Your cholera pills are really infallible. Not being a professional man I was afraid to try your medicine at first, but I administered it in 3 cases given up by the doctors as hopeless. Two of the patients recovered wi[illegible] hours by using only two pills each. The other a child took one pill which stopped his purging, vommitting, spasm, and perspiration, and caused a discharge of urine, but unfortunately at this stage his parents gave him some other medicine. The result was the disease relapsed, and the child died. Three more cases have ben cured by your medicine.

Signed W. R. Larmine
Magistrate of Bankura

I am requested by the Maharajah of Burdwan to inform you that during the recent out-break of cholera in this place, your pills were tried in several cases, which occurred among the servants of His Highness, and were found to be efficacious.

Bepinbehary Dutt.
Station Master, Doomrow.

ইনিক্যা ম্বেল না ইডেন?

বেহারে তিন শ্রেণী লোক প্রধান। প্রজা, জমিদার এবং নীলকর। পাটনার কমিসনার মলনি সাহেব এই তিন শ্রেণী লোকের অবস্থার উল্লেখ করিয়াছেন। তিনি প্রজার অবস্থা দেখিয়া কষ্ট প্র কাশ করিয়াছেন মলনি সাহেব লিখিয়াছেন যে প্রজারা প্রায় ঋণ জালে জড়িত। যেবার প্রচুর শস্য হয় সেবারও তাহারা জমিদারকে রাজস্ব ও অন্যান্য আবয়াব দিয়া তাহাদের কিছুই থাকে না, সুতরাং অজন্মা হইলে তাহাদের কষ্ট হইবারই ত কথা। লেফটেনান্ট গবর্ণরও বেহারের প্রজার নিমিত্ত কষ্ট প্রকাশ করিয়াছেন। নীলকর সম্বন্ধে কমিশনার সাহেব নিজে কিছু লিখেন নাই। এবং লেফটেনেন্ট গবর্ণর কমিশনারের রিপোর্টে তৎসম্বন্ধে কিছু উল্লেখ না করিয়া লিখিয়াছেন যে, ওয়ার্সিলি ও মাকডনেল সাহেব নীলকর সম্বন্ধে সর্ব্বায়ববিশিষ্ট একটী রিপোর্ট লিখিয়াছেন। এ রিপোর্টটি কি তাহা আমরা জানি না, তবে লেফটেনেন্ট গবর্ণর এই রিপোর্টের কথা উল্লেখ করিয়া বলিয়াছেন যে, "ম্যাকডনেল সাহেব যে লিখিয়াছেন যে বেহারে যদি নীলকরদের অধোগতি হয় তাহা হইলে দেশের একটী সর্ব্বনাশ হইবে তাহা প্রকৃত কথা।" সর্ব্ব শেষে কমিশনার জমিদারদের কথা উল্লেখ করিয়াছেন। জমিদারদিগের সম্বন্ধে তিনি যাহা লিখেন কলিকাতা গেজেটে ইডেন সাহেব তাহার এই পোষকতা করিয়াছেন।

"ত্রিহুতের জমিদারদের মধ্যে প্রায় অনেককে কমিশনার নিন্দা করিয়াছেন। ইহারা সর্ব্বশোষক এবং অত্যাচারী। বেহারে প্রজায় ও জমিদারে সৌহৃদ্যতা নাই। উভয় উভয়ের নামে অভিযোগ করে। জমিদারদিগের ও ইজারদারদিগের অত্যাচারে যে প্রজাদের অতিশয় দুরবস্থা হইয়াছে তাহার কোন সন্দেহ নাই। সুখের মধ্যে এই যে প্রজারা ক্রমে তাহাদের স্বত্ব বুঝিতেছে। তাহারা এখন জমিদারদিগের কাছারিতে রাজস্ব প্রদান না করিয়া, জমিদারদিগের প্রদত্ত রোডসেসের কাগজ অনুসারে আদালতে রাজস্ব প্রদান করিতেছে। বেআইন মত পূর্ব্বের ন্যায় রাজস্বের নিমিত্ত জমিদারেরা শস্য ক্রোক করিতে আইলে তাহারা আর তাহা করিতে দেয় না। তাহারা দেখিতেছে যে, মহকুমার ও জেলার হাকিমেরা তাহাদের মঙ্গলের নিমিত্ত উপদেশ প্রদান করেন এবং তাহারা এই সৎপরামর্শের নিমিত্ত হাকিমদের নিকট অনেক সময় আগমন করে। তাহারা দেখিতেছে যে, দরভাঙ্গা ষ্টেটে প্রজার অবস্থা ক্রমে ভাল হইতেছে। এই নিমিত্ত তাহারা সকলেই আপন অবস্থা ভাল করিবার নিমিত্ত যত্ন করিতেছে।"

এই রিপোর্টটী পাঠ করিলে আমরা ইডেন সাহেবের প্রকৃতি উত্তমরূপে বুবিতে পারি। তাঁহার স্বদেশীয়দের প্রতি যে অধিক অনুগ্রহ তাহা আমরা ইহা দ্বারা বুঝিতে পারি এবং জমিদারদের উপর যে তিনি তত সদয় নন তাহাও ইহাতে প্রকাশিত হইয়াছে। আবার তিনি যে প্রজাদের মঙ্গলের নিমিত্ত তাহাদের সহিত সহানুভুতি দেখাইয়াছেন তাহার কোন প্রমাণ নাই, বরং জমিদারদিগের বিপক্ষাচরণের নিমিত্ত এরূপ সহানুভুতি দেখাইতেছেন ইহা দ্বারা বুঝা যাইতে পারে।

পাটনার প্রজারা অতি দুঃখী। তাহাদের অবস্থা দেখিলে প্রকৃত পাষাণ হৃদয় বিদীর্ণ হয়। যদি তাহাদের দুঃখ মোচনের নিমিত্ত বেহারের জমিদারদিগকে উচ্ছিন্ন [করি]তে হয় তাহাও করা কর্ত্তব্য। কিন্তু ইডেন সাহেব যেরূপ প্রজা ও জমিদারে বিবাদ বাধাইয়া দিয়া প্রজার মঙ্গল করিবার যত্ন করিতেছেন, ক্যাম্বেল সাহেব ইহাই করেন [এ]বং তাহাতে জমিদার উচ্ছিন্ন যায় বটে, কিন্তু জমিদারের [সঙ্গে] প্রজাও উচ্ছিন্ন যায়। ইডেন সাহেব বেহারের প্রজা[দি]কে যেরূপ মন্ত্রণা দিতেছেন ইহা করিলে বেহারের যে [কি] দুর্গতি হইবে তাহা আমরা অনুমানও করিতে পারি না।

ফল ইডেন সাহেব যদি প্রজাদে[র] [illegible] হিতাকাঙ্ক্ষী হন তাহা হইলে তাঁহার এই দুইটি কাজ করা কর্ত্তব্য প্রথম নীলকরদিগের প্রতি তাঁহার দয়ার একটু খর্ব্বতা করা কর্ত্তব্য। দ্বিতীয় জমিদারের উপরও তাঁহার বিরক্ত ভাবের সমতা করা উচিত। এদেশের প্রজা ও জমিদার এক সূত্রে আবদ্ধ, এক জনের ধ্বংশে অপরের শ্রীবৃদ্ধি হয় না, প্রত্যুত পতন হইবার সম্ভাবনা। অন্ততঃ প্রজার মঙ্গলের উপর যে জমিদারদিগের মঙ্গল নির্ভর করে তাহার কোন ভুল নাই, আবার জমিদার ও প্রজার মধ্যে ঘরোয়া বিবাদ বাধাইলে জমিদারের সঙ্গে সঙ্গে যে প্রজা উচ্ছিন্ন যাইবে সে বিষয়ও নিশ্চয়। আমরা নীলকরের বিপক্ষ নহি, প্রত্যুত আমাদেরও বিশ্বাস যে বেহার হইতে নীলকরেরা উচ্ছিন্ন গেলে বেহারের অনিষ্ট হইবে। বাঙ্গলার নীলকরেরা উচ্ছিন্ন গিয়া যে এখানে অনিষ্ট হইয়াছে তাহার প্রমাণ আমরা পদে পদে দেখিয়া থাকি। নীলকর থাকিলে বাঙ্গলার মধ্যবর্ত্তী লোকের এরূপ দুর্দ্দশা হইত না, আবার জমিদারেরা এত শীঘ্র উচ্ছিন্ন যাইতেন না, তবে তাহা হইলে বোধ হয় বাঙ্গলার প্রজার এরূপ উন্নতি হইত না। এ কেবল আমাদের বিশ্বাস নহে। ইডেন সাহেব ও মলোনি সাহেব যদি বাঙ্গলার পূর্ব্বকালের কথা মনে করেন এবং মন খুলিয়া সকল কথা প্রকাশ করেন তাহা হইলে তাঁহারাও আমাদের মতের সঙ্গে ঐক্য হইবেন।

বেহারের প্রজার এখন ঘোর দুরবস্থা। বেহারে যেরূপ প্রতি চারি ক্রোশ অন্তর নীলকুঠি আছে, বাঙ্গালায় যখন এই রূপ কুঠি ছিল তখন বাঙ্গালার প্রজারও এই রূপ দুরবস্থা ছিল। তখন বাঙ্গালার প্রজার ঐ রূপ ঋণ জালে জড়ীভূত ছিল, রাজস্ব প্রদান করিলে তাহাদের গৃহে আর তণ্ডুল কণা থাকিত না, তাহারা বৎসরের মধ্যে ছয় মাস উপবাস করিত। তাহাদের না ছিল বস্ত্র না ছিল গৃহ। তাহারা জানিত না যে প্রজার নিমিত্ত কোন আইন কানন আছে, আদালতে উপস্থিত হইলে প্রজারা আশ্রয় প্রাপ্ত হয়। ইডেন সাহেব বেহারের প্রজার নিমিত্ত যেরূপ কষ্ট প্রকাশ করিয়াছেন তখন তিনি বাঙ্গলার প্রজার নিমিত্ত সেই রূপ কষ্ট প্রকাশ করেন, কিন্তু তখন তিনি এত উচ্চে উঠিয়াছিলেন না। তিনি প্রজার কষ্টের প্রকৃত কারণ অবগত হইতে পারিয়াছিলেন। তিনি বাঙ্গলার মফঃস্বল ভ্রমণ কালে এবার প্রজার অবস্থার উন্নতি দেখিয়া যে হর্ষ প্রকাশ করিয়াছেন সেকালের প্রজার উপর তাঁহার যে দয়া ছিল ইহা তাহারই অমৃতময় ফল। তিনি যদি বেহারী প্রজাদের প্রতি পূর্ব্বের ন্যায় অকৃত্রিম কষ্ট অনুভব করেন তাহা হইলে যদি তাঁহার কপালের জোরে তিনি গবর্ণর জেনারেল হন, তাহা হইলে এখন যেরূপ বাঙ্গলার প্রজার উন্নত দশা দেখিয়া তিনি হর্ষ প্রকাশ করিতেছেম, বেহারি প্রজাদের উন্নত অবস্থায় তিনি সে সময় সেই রূপ আনন্দিত হইবেন। তিনি যদি প্রকৃত নীলকরদিগের বন্ধু হন তাহা হইলেও প্রজাদিগেকে এরূপ উপদেশ প্রদান করিয়া উত্তেজনা করা নিতান্ত নির্ব্বিঘ্ন নহে। প্রজারা উন্নত হইলে তখন হয়ত তাহারা জমিদারের সঙ্গে সঙ্গে নীলকরদের প্রতি উপদ্রব আরম্ভ করিবে এবং যে নীলকরদের পতনে ইডেন সাহেবের বিশ্বাস যে দেশের ঘোর অনিষ্ট হইবে তাহারাই যাইবেন।

ফল আমরা ব্রিটিশ ইণ্ডিয়ান আসোশিয়াসন এবং তাহার সভ্যদের বিপদ দেখিয়া বড় কষ্ট পাইতেছি। তাহারা শ্যাম রাখেন কি কুল রাখেন স্থির করিতে পারিতেছেন না। ইডেন সাহেব যে দ্বিতীয় ক্যাম্বেল সাহেব ইহা তাহারা দেখিয়াও নাচার হইয়া নিরব হইয়া রহিয়াছেন। কিন্তু আমাদের বিবেচনায় তাহাদের শ্যাম ত্যাগ করিয়া কুল রক্ষা করা কর্ত্তব্য। শ্যাম শেষে দ্বারকায় রাজা হইবেন। তাহাদের লভ্যের মধ্যে চিরকাল কলঙ্কিনী নাম থাকিবে। ইডেন সাহেবের বিশ্বাস যে নীলকর উচ্ছিন্ন গেলে দেশের ভয়ানক ক্ষতি হইবে, কিন্তু আমাদের বিশ্বাস যে জমিদার ও প্রজা উচ্ছিন্ন গেলে দেশ প্রকৃত উচ্ছিন্ন যাইবে।

—০:০—

দাস ভারতবর্ষীয়েরাও দাসত্বকে ঘৃণা করে।

আমেরিকাবাসীরা যেরূপ স্বাধীন ফরাসীরা সেরূপ [স্বা]ধীন নহে, আবার ফ্রান্সে ফরাসিদিগের যেরূপ ক্ষমতা আছে ইংরাজ প্রজাদের হয় ত ইংলণ্ডে এখন সেরূপ আধিপত্য নাই, তবে প্রশিয়ার সঙ্গে তুলনা করিলে হয় ত রাজ শাসন সম্বন্ধে ইংরাজদের অনেক ক্ষমতা আছে, আবার রূশিয়দের অপেক্ষা জর্ম্মেনদের অবস্থা এ সম্বন্ধে উৎকৃষ্ট। অনেকে অনুমান করেন যে, রূশিয়ার প্রজার অবস্থা এখন পূর্ব্বাপেক্ষা অনেক ভাল হইয়াছে। লং সাহেব রূশদিগের ভারি গোঁড়া। তাঁহার বিবেচনায় রূশ রাজ্যে প্রজার অবস্থা তত অধম নহে। ফল যতই অধম হউক না, বোধ হয় আশিয়ার স্বাধীন রাজ্য, পারস্য, চিন প্রভৃতি প্রজা অপেক্ষা তাহাদের অবস্থা অধম হইবে না। ভারতবর্ষ পরাধীন, ভারতবর্ষের অবস্থার সঙ্গে স্বাধীন রাজ্যের তুলনা করিলে হয় ত অনেকে হাস্য করিবেন কিন্তু তথাচ ভারতবর্ষবাসীরা যত কঠোর শাসনেই অবস্থিতি করুক, ইংরাজ শাসন কৌশলে তাহাদের স্বাধীনতা স্পৃহাটি নির্ব্বাণ হয় নাই, বরং ইংরাজী শিক্ষা দ্বারা ভারতবর্ষে ইহা প্রস্ফুটিত হইয়াছে। যদিও কার্য্যে আমরা তত স্বাধীনতা না প্রাপ্ত হই তথাচ ইংরাজেরা আমাদিগকে শিশু কাল হইতে পরাধীনতা ও দাসত্ব ঘৃণা করিতে এবং স্বাবলম্বন ও স্বাধীনতা শ্রদ্ধা করিতে শিক্ষা প্রদান করিয়া থাকেন।

আমরা এই শিক্ষা বলে কার্য্যে যত উপকৃত নাহই, ইহা দ্বারা ইংরাজ শাসনের অনেক উপকার হইয়া থাকে। এই নিমিত্ত লোকে এখনও গ্রান্ট সাহেবের নিমিত্ত ক্রন্দন করে, এখনও গ্রে সাহেবের নাম স্মরণ করিয়া দীর্ঘ নিঃশ্বাস পরিত্যাগ করে, ক্যাম্বেল সাহেবের অশেষ নিন্দা করিয়াও শেষে তাহারা বলে যে, তিনি এক জন বাহাদুর লোক ছিলেন। জষ্টিশ ফেয়ার যদিও বাঙ্গালিকে ঘৃণা করিতেন তথাচ তাঁহার স্বাধীনতার নিমিত্ত তাঁহার নাম ভারতবর্ষে এত আদরণীয় হইয়াছে। রাজা দীনকর রাও, জয়পুরের মহারাজা, মহরাজা সিন্ধিয়া প্রভৃতি গাইকোয়াড়ের মকর্দ্দমায় গবর্ণমেন্টের বিপরীত মত প্রকাশ করিয়া এদেশের চক্ষে এক নূতন আকার ধারণ করেন, এবং হাইদ্রাবাদের নিজাম ইংলিশ গবর্ণমেন্টের প্রদত্ত সম্মান গ্রহণে অসম্মতি প্রকাশ করেন, এই গল্প লোকে উল্লাসের সঙ্গে শ্রবণ করে। পিকক সাহেব হাইকোর্টের মর্য্যাদা রক্ষার নিমিত্ত সংগ্রাম করেন, তাঁহার এই বীরত্বের কথা বোধ হয় দেশীয় লোক কখনই বিস্মৃত হইবে না।

আবার ইহার বিপরীত যখন যিনি আপন স্বাধীনতা জলাঞ্জলি দিয়া প্রভুর আজ্ঞা মত কাজ করিয়াছেন, তিনি এ দেশীয়দের আত্মীয় হইলেও হতাদর হইয়াছেন। এই নিমিত্ত ব্যবস্থাপক সভাতে যখন যিনি কেবল গবর্ণমেন্টের পক্ষ, মিউনিসিপ্যাল কি রোডসেস কমিটীতে চিয়ারম্যানের পক্ষ, সমর্থন করিয়াছেন, তখনই তাহার উপর লোকের ঘৃণার উদয় হইয়াছে। এদেশীয় কোন প্রধান লোকে কোন রাজপ্রসাদ প্রাপ্ত হইলে লোকের যত ঈর্ষাই হউক সেই সঙ্গে ভয়ের উদ্রেক হয় পাছে ইনি আপন স্বাধীনতা হারান। এই নিমিত্ত হরিশ্চন্দ্র মুখোপাধ্যায় ইংরাজদের সঙ্গে দেখা করিতেন না শুনিয়া তাঁহার উপর লোকের অতীব ভক্তি হয়, বিদ্যাসাগরের এখনও দেশের মধ্যে যে ক্ষমতা আছে অনেক ধন ও যশবান উচ্চ পদস্থ লোকেরও সে ক্ষমতা নাই, এবং লর্ড নর্থব্রুকের সভাতে বাবু শম্ভু চন্দ্র মুখোপাধ্যায় নির্ভয়ে কথা কহিয়া যত লোককে অসন্তুষ্ট করুণ কিন্তু অসংখ্য লোককে সন্তুষ্ট করিয়া ছিলেন।

এদেশীয় লোকের মানসিক প্রকৃতি এই। পূর্ব্বে যাহাই থাকুক, ইংরাজ শাসনে ও ইংরাজি শিক্ষার ফলে আমাদের এই প্রকৃতি হইয়াছে। সুতরাং এখন যদি ইংরাজ রাজ পুরুষেরা কেবল প্রভুকে সন্তুষ্ট করিবার নিমিত্ত কাজ করেন, তাহা হইলে তাহারা এদেশীয়দের নিকট হতশ্রদ্ধা হন। ইডেন সাহেবের আগমন করা অবধি আমরা তাঁহার অধীনস্থ কর্ম্মচারীদের মধ্যে এই রূপ দাসত্ব দেখিতেছি, কেবল তাঁহার অধীনস্থ কর্ম্মচারীদের মধ্যে নহে, ইংরাজ সংবাদ পত্রেরও এই রূপ শোচনীয় অবস্থা দেখিতেছি। তাঁহারা প্রায় ইডেন সাহেবের

মুখাপেক্ষ হইয়া থাকিতেছেন এবং তিনি জল কাইত বলিলে ওমনি সকলে জল কাইত বলিতেছেন। বিশেষতঃ ইডেন সাহেব যে সমুদয় কার্য্য দ্বারা এদেশের ক্ষতি করিতেছেন সে সমুদয় বিষয়ে সকলে প্রাণপণে তাঁহাকে পোষকতা করিতেছেন। বদমাইসদিগের শাসন সম্বন্ধে ইডেন সাহেব যে নিয়ম প্রচলিত করিয়াছেন কেবল এই কার্য্যে কেহ তাঁহার পোষকতা করেন নাই, নতুবা তাহার পবলিক ওয়ার্ক সেসের অনুমোদন, দেশীয় সংবাদ পত্রের গালাগালি প্রভৃতি সকল কার্য্যই প্রায় সর্ব্বত্র হইতে প্রতিধ্বনিত হইয়াছে। ফল অন্যান্য বিষয়ে তাঁহার অধীনস্থ কর্ম্মচারীরা অন্ধের ন্যায় তাঁহার অনুসরণ করিয়া আমাদিগকে যত কষ্টই প্রদান করুন, সম্বাদ পত্র সম্বন্ধে তিনি কলিকাতায় যাহা বলেন তাহার অধীনস্থ কর্ম্মচারীদের মুখে সেই সমুদয় কথা আবার শুনিয়া আমাদের আমোদ হইতেছে। ইডেন সাহেব বলেন যে, এদেশীয় সম্বাদ পত্রের উপর লোকের আস্থা নাই। ইহারা যাহা লিখে লোকে তাহা বিশ্বাস করেন না। পাটনার কমিশনার অমনি অবিকল তাহাই লিখিয়াছেন।

এরূপ দাসত্ব দেখিলে ইংরাজ জাতির উপর আমাদের প্রকৃত অশ্রদ্ধা হয় এবং ইংরাজেরা যদি এ বিশ্বাস করেন যে তাহারা বাহুবলে আমাদিগকে অধীনে রাখিয়াছেন তবে অনায়াসে তাহারা আমাদের এই অশ্রদ্ধার প্রতি ঘৃণা করিতে পারেন, কিন্তু বোধ হয় অনেকে তাহা বিশ্বাস করেন না এবং এদেশীয়দের নিকট অশ্রদ্ধার পাত্র হইতে চাহেন না। আমরা দুর্ব্বল জাতি, অধীন, আমাদের অশ্রদ্ধা তাহারা যতই উপেক্ষা করুন, বোধ হয় ইংরাজজাতির অশ্রদ্ধা তাহারা অগ্রাহ্য করিতে পারেন না, এবং যে কার্য্যে দাসদিগের অশ্রদ্ধার উদয় হয় সে কার্য্যে যে স্বাধীন ইংরাজ জাতির অতিশয় ঘৃণার উদয় হইবে অন্ততঃ ইহা রাজকর্ম্মচারিদের মনে করা কর্ত্তব্য।

—:০:—

তুর্কির এক খানি সম্বাদ পত্রে নিম্নোক্ত প্রবন্ধটী প্রকাশিত হয়। এ দেশীয় মুসলমানেরা দেখিবেন যে, তুর্কির লোক কিরূপ প্রাণপণে এই যুদ্ধে প্রবর্ত্ত হইয়াছেন। "ইউরোপীয় রাজনীতিজ্ঞ পণ্ডিতেরা তুর্কির সঙ্গে অপর রাজ্যের কোন বিবাদ না হয় এই মীমাংসা করিতে গিয়া এই যুদ্ধটির উৎপত্তি করিয়াছেন। এই যুদ্ধটী উপস্থিত হইবে তাহা তাঁহারা দীর্ঘ কাল হইতে অবগত ছিলেন কিন্তু কাহারও ইহা নিবারণ করার সাধ্য ছিল না। যুদ্ধ আরম্ভ হইলে এখন তাহারা দেখিতেছেন যে, এই সুযোগে কে কি রূপে আপন স্বার্থ সাধন করিতে পারেন। গল্পে আছে যে একটী কুকুরের নিকট এক ব্যক্তি তাহার আহারীয় দ্রব্য রাখিয়া যায়। কুকুর প্রভুর আহারীয় দ্রব্য রক্ষা না করিয়া নিজে তাহা ভক্ষণ করে। ইউরোপীয় রাজারা তুর্কি সম্বন্ধে সেই রূপ ব্যবহার করিয়াছেন। যুদ্ধের পূর্ব্বে তাহারা তুর্কিকে তিরস্কার করিতে থাকেন। তাহারা বলেন তুর্কি কি পাগলামি করিতেছে। রুশ আক্রমণ করিলেই তুর্কি রাজ্য ধ্বংশ হইয়া যাইবে। ইউরোপীয়েরা স্বপ্নেও চিন্তা করেন না যে, রুশির সৈন্য তুর্কির নিকট পরাস্ত হইবে। ইউরোপীয় সম্বাদ পত্রেরা ইহা এক বার বিচার করেন না যে তুর্কির সঙ্গে যুদ্ধে রুশিয়া পারিয়া উঠিবে কি না, রুশ সম্রাট কনেষ্টেন্টিনোপোল অধিকার করিবেন কি না, তাহারা সেই বিষয় সিদ্ধান্ত করিবার নিমিত্ত মহা ব্যস্ত হন। তুর্কিকে সকলেই যুদ্ধে প্রবর্ত্ত হইতে নিষেধ করেন, সকলেই বলেন যুদ্ধে প্রবর্ত্ত হইলে তুর্কির ক্ষয় হইবে, মিত্র ও শত্রু সকলেই আমাদিগকে এই রূপ ভয় ও নৈরাশ প্রদর্শন করিতে থাকেন তাহা নয়, তাহারা তুর্কির দুর্গতি মোচন করিতে আসিয়া ইহাকে অতি ভয়ানক অবস্থায় নিঃক্ষেপ করেন এবং তুর্কি এই রূপ ষড়জালে পতিত হইয়া, এই রূপ শত্রু ব্যূহ দ্বারা পরিবেষ্টিত হইয়া যুদ্ধে প্রবেশ করে। তুর্কিবাসীরা সংকল্প করে যে, তাহারা আর ধনাঢ্য ব্যক্তিদের দরিদ্র কুটুম্বের ন্যায় ইউরোপীয় রাজাদের অনুগ্রহের উপর নির্ভর করিবে না। তুর্কিবাসীরা অন্যান্য ইউরোপীয় জাতিদের যেরূপ স্বত্ব আছে এবার সেই স্বত্ব নিদ্ধারণ করিতে সংকল্প করে। যদি যুদ্ধে পয়াজিত হয় তথাচ তুর্কেরা এ স্বত্ব পরিত্যাগ করিবে না। তাহারা প্রাণ পণে স্বত্ব রক্ষার যত্ন করিবে। যদি বিধাতা বৈমুখ হন তাহা হইলে তাহারা তাহাদের পুরাতন আবাস আশিয়াতে আবার প্রত্যাবর্ত্তন করিবে। সেই স্থানে তাহাদের স্ত্রী পুত্র পরিবার স্বজাতির আশ্রয় লইয়া তাহাদের পতনের নিমিত্ত ক্রন্দন করিবে।

"যুদ্ধের এখন অবসান হয় নাই। কিন্তু আমরা যুদ্ধে যে জয় লাভ করিয়াছি তাহাতে আমাদের আরো অধিক দৃঢ়তার সহিত ও প্রাণপণে যুদ্ধ করার প্রয়োজন হইতেছে। আমাদের ভারি দুঃখের বিষয় যে আমরা আমাদের পরম শত্রু দেশ আক্রমণকারীর যাহাতে বিশেষ ক্ষতি হয় এরূপ কার্য্যে প্রবর্ত্ত হইলে ইউরোপীয় রাজারা আমাদের উপর বিরক্ত হন। আমরা ইহা দেখিয়াও দুঃখিত হইতেছি যে, পূর্ব্বে যাহারা তুর্কিকে পুনঃজীবিত করার নিমিত্ত এত ব্যগ্র হন, তাহাদের আর তুর্কির স্বার্থ সম্বন্ধে পূর্ব্বের ন্যায় উৎসাহ নাই, ফল আমাদের সর্ব্বাপেক্ষা একটী বিষয়ে অধিক কষ্ট হইতেছে। যে জাতি আমাদের অপেক্ষা সভ্যতাতে, যুদ্ধ ও রাজশাসন কৌশলে কি বুদ্ধিতে শ্রেষ্ঠ নহে তাহাদের সঙ্গে যুদ্ধে রত হইয়া তুর্ক যুবকেরা বিনষ্ট হইতেছে এবং এই যুদ্ধে দেশ উচ্ছিন্ন যাইতেছে। নগর ও পল্লি বিপক্ষ কর্ত্তৃক লুণ্ঠিত হইতেছে এবং আমাদের মুসলমান ও খ্রীষ্টান প্রজারা নিরাশ্রয়ে ও অনাহারে নানাস্থানে ভ্রমণ করিতেছে এ কষ্ট প্রকৃত সহ্য করা দুরূহ ব্যাপার।

"রুশিয়েরা এখন যুদ্ধে পরাস্ত হইয়াছে। এই রূপ পরাস্ত হইয়া তাহারা যদি বলে যে রুশেরা জয়ী হইলে যাহাতে তৃপ্ত হইয়া যুদ্ধে স্থগিত হইত এখন তাহা অপেক্ষা অধিক না পাইলে তাহারা যুদ্ধে ক্ষান্ত দিবে না, তাহা হইলে তুর্কি এ কথা অনায়াসে বলিতে পারে যে স্বাধীনতা রক্ষার নিমিত্ত তুর্কির যে পরিমাণে রক্তপাত হইবে সে পরিমাণে লভ্য না হইলে তুর্কিও অস্ত্র রাখিবে না, তাহা হইলে নিতান্ত অন্যায় কথাবলা হয় না। তুর্কি শত শত বৎসরের মধ্যে কি কখনও অপরের দ্রব্যের প্রতি আক্রমণকারী হইয়াছে? তুর্কির এখনও ইচ্ছা যে শান্তি স্থাপিত হয়, কিন্তু যে পর্য্যন্ত এক জন রুশ পদার্পণে তুর্কি অপবিত্র করিবে তত দিন তুর্কি যুদ্ধে ক্ষান্ত হইবে না। এখন যুদ্ধ স্থগিত হইলে শত্রু কর্ত্তৃক পরাভূত হইবার নিমিত্ত তুর্কি তাহাদের সাহায্য করিবে। কি অবস্থাতে শান্তি স্থাপিত হইবে তাহা পূর্ব্বে স্থির হউক, পরে তুর্কি যুদ্ধ বন্ধ করিবে। কিরূপ লোক তুর্কেরা তাহা রুশেরা যুদ্ধ ক্ষেত্রে এক রূপ অবগত হইয়াছে, আবার যখন সন্ধিস্থাপন হইবে তখনও তাহারা অবগত হইবে যে, আমরা সে বিষয়েও কতদূর তৎপর এখন এরূপ নিঃস্বার্থ লোকত আমরা দেখি না যিনি মধ্যবর্ত্তী হইয়া সন্ধিস্থাপন করিবেন এবং আমরা যে সমুদয় কারণে এই বিপদে পতিত হইয়াছি সেইসমুদয় কারণের তিনি পক্ষপাতী। এরূপ এক জন মধ্যবর্ত্তী কি পাওয়া যায় যাহার হস্ত ও হৃদয় পবিত্র আছে? আমরা যাহা দেখিয়াছি ও সহ্য করিয়াছি তাহাতে আমাদের কাহার উপর আর বিশ্বাস নাই এবং আমরা নিজে আপনাদের স্বার্থ রক্ষা করিব।"

—০:০—

বোধ হয় অনেকে অবগত আছেম যে, নেপালে নায়ের নামক এক জাতি অসভ্য বাস করে। এই নায়েরদিগের মধ্যে বিবাহের বন্ধন যে অতি শিথিল তাহাও বোধ হয় অনেকে অবগত আছেন। সম্প্রতি এক খানি ইংরাজি সম্বাদ পত্রে ইহাদের বিবাহ প্রণালীর বিষয় প্রকাশিত হইয়াছে। প্রথম কন্যার অবিভাবকেরা বিবাহের একটী শুভ লগ্ন স্থির করে। এই শুভ দিনে সর্ব্বাগ্রে কন্যার নখ ছেদন করা হয়। তদপরে স্নান ও দেব অর্চ্চনা আরম্ভ হয়। এই সমুদয় অনুষ্ঠানের পরে একটী উদ্‌খলে শঙ্খ চূর্ণ করিয়া কন্যা এ জন্মের ও পূর্ব্ব জন্মের পাপ হইতে শরীর পবিত্র করে। তদপরে কন্যা বিবাহের নিমিত্ত সজ্জীভূত ও গৃহ দেবতার অর্চ্চনা করে। পূজা অন্তে একটী মৃত্তিকা পাত্রে ষষ্ঠীর যন্ত্র অঙ্কিত করিয়া তাহার উপর পবিত্র রাজুউনার নামক বৃক্ষের পত্র রাখে। এই বৃক্ষ পত্রের উপর একটী বেল রাখিয়া হরি হরি ভগবান লক্ষীশ্বর বলিয়া উচ্চৈস্বরে ডাকে। এই সমুদয় অনুষ্ঠান সমাধা হইলে বিবাহের অ[illegible] হয়। কন্যাকে একটী কাগজ নির্ম্মিত টুপি মস্ত[illegible] ধান করাইয়া, গৃহ পুরোহিতের রমণী তা[illegible] প্রস্তু বস্ত্র উপহার প্রদান করে। পুরোহিত [illegible] আরও দুই কার্য্য করিতে হয়। তিনি কন্যার [illegible] তুলিয়া তাহাকে সিন্দুর পরাইয়া দেন। কন্যার পিতা মাতা এই সময় উপরি উক্ত বেল তাহার হস্তে অর্পণ করিয়া হস্তের সঙ্গে উহা বন্ধন করে। কন্যা এই বেল লইয়া গৃহ দেবতাকে তিন বার প্রদক্ষিণ করে। প্রদক্ষিণ হইলে এই বেলটী নদীতে নিঃক্ষেপ করা হয়। বেল নদীতে নিঃক্ষেপ করিলে কন্যার বিবাহ সমাধা হইল ও সে বিবাহিতা রমণী হইল। এই বিবাহের পর কন্যা আর যাবজ্জাবন বিধবা হইবে না। বেল বৃক্ষ অমর, এই বৃক্ষের সঙ্গে কন্যার বিবাহ হইল, সুতরাং তা[illegible] বিধবা হইবার সম্ভাবনা কি। নায়ের কন্যারা প্রথম বেল বিবাহ করিয়া শেষে কোন পুরুষকে বিবাহ করে, তবে এই মনুষ্য স্বামির মৃত্যু হইলে সে বিধবা অথবা স্বামীশূন্য হয় না। আবার সে ইচ্ছামাত্র স্বামী পরিত্যাগ করিতে পারে। স্বামী পরিত্যাগ করার ইচ্ছা হইলে, স্বামীর শয্যায় দুইটী গুপারি রাখিয়া চলিয়া গেলেই আর কোন উৎপাত নাই।

গবর্ণমেণ্ট গত সংখ্যক কলিকাতা গেজেটে একটী বিশেষ উপকারজনক বিষয় সংক্রান্ত কতক গুলি উপদেশ প্রদান করিয়াছেন। এ দেশের তিশির গাছ ফলের নিমিত্ত প্রস্তুত করা হয়, কিন্তু ইউরোপের অনেক স্থানে ইহার গাছ হইতে পাটের ন্যায় সুতা প্রস্তুত হয়। ইউরোপে যে সমুদয় তিশির গাছ প্রস্তুত হয় তাহার অধিকাংশ সুতার নিমিত্ত। সে সমুদয় বৃক্ষ অপেক্ষাকৃত অধিক যত্নে প্রস্তুত হয় এবং এ দেশের বৃক্ষ অপেক্ষা অনেক বড় হয়, কিন্তু এখানে ফলের নিমিত্ত যে তিশির আবাদ হয় তাহাও নিতান্ত ফ্যালনা নহে, যত্ন করিলে ইহা হইতেও উত্তম সুতা বাহির হইতে পারে। আমেরিকাতে অনেক স্থানে বীজ ও সুতা উভয়ের নিমিত্ত শোন প্রস্তুত হয়, এবং ইহা দ্বারা কৃষকেরা বিস্তর লভ্য করে। বাঙ্গালার ক্ষেত্রে ইহার আবাদ করিতে হইলে যে পরিমাণে বীজ নিঃক্ষেপ করা হয় আমেরিকাতে তা[illegible] তিন গুণ বীজ নিঃক্ষেপ করিতে হয়, সুতরাং তাহারা ইহার গাছ হইতে যেরূপ অধিক সুতা পায় তেমনি ইহাতে অনেক ফল ধরে। এদেশে যে তিশি গাছ প্রস্তুত হয় যদি যত্নপূর্ব্বক ইহা হইতে সুতা বাহির করা যায় তাহা হইলে বিলাতে ইহার প্রতি টন, অর্থাৎ ২৮ মনের মূল্য ২৫০ হইতে ৩৫০ টাকা হইতে পারে। রুশিয়ায় যে শোন প্রস্তুত হয় তাহার উত্তম রকম শোন কলিকাতায় ২০ টাকা করিয়া মন বিক্রয় হয়। যত্ন করিলে ভারতবর্ষে প্রায় রুশিয়ায় যেরূপ রেসম প্রস্তুত হয় এখানেও সেই রূপ প্রস্তুত হইতে পারে। তিশি ও শোন এক জাতীয় বৃক্ষ, উহাদের আবাদ প্রায় এক রূপ, এবং যত্ন করিলে এ উভয় আবাদের দ্বারা এ দেশীয়েরা বিস্তর লভ্য করিতে পারেন। রুশিয়াতে এবৎসর যুদ্ধ হইতেছে। যদি এই সময় এ দেশীয়েরা যত্ন করেন তাহা হইলে ইহা দ্বারা বিস্তর লভ্য হইতে পারে। এদেশে শোনের সুতার ব্যবহার আছে। জেলেরা ইহা দ্বারা জাল প্রস্তু[illegible] করে। পাট ও শোন হইতে যেরূপে সুতা বাহির করা যায় তিশি হইতেও সেই রূপে সুতা বাহির করে। আমরা স্থানাভাবে এবার ইহার বিশেষ বিবরণ প্রকাশ করিতে পারিলাম না।

—০:০—

গত মেলে আর্ম্মেনীয়ার যুদ্ধ সম্বন্ধে এই রূপ সম্বাদ আসিয়াছে। সুলতান বলগরিয়াতে সৈন্য বৃদ্ধি করিবার নিমিত্ত আর্ম্মেনীয়া হইতে অনেক সৈন্য লইয়া আইসে[illegible] ইহাতে মুক্তিয়ার পাশার সৈন্য ক্রমে কমিয়া যায়। আব[illegible] রুশেরা স্বদেশ হইতে সৈন্য আনিয়া তাহাদের সৈন[illegible] সংখ্যা ক্রমে বৃদ্ধি করে। তবে আর্ম্মেনীয়াতে গত যু[illegible] সময় মুক্তিয়ার পাশার কিছু ভুল হয়। তাহার যত [illegible] ছিল তিনি তাহার হিসাবে অতিরিক্ত স্থান ব্যাপিয়া [illegible] দিগকে শ্রেণীবদ্ধ করিয়া দাঁড় করান। রুস [illegible] রেল যে কোথায় কিরূপ সৈন্য চালান করিতেছেন সে বি[illegible]

...এই রূপে নানা ... তিনি
তাহার সৈন্য দল বিভক্ত হইয়া দুর্ব্বল হইয়া বাম দিকের সৈন্যদল যদিও বিশৃঙ্খল হয় এবং ...ড়িয়া পলায়ন করে কিন্তু তাহারা বরাবরি ...ক্ষণ দিকের সৈন্যেরা আপনাদিগকে শত্রু ...স্তে অর্পণ করে। গাজি মুক্তিয়ার পাশার সৈন্য সুতরাং ছিন্ন বিচ্ছিন্ন হইয়া গিয়াছে। আহারীয় দ্রব্য দ্বারা কার্স আবার পরিপূর্ণ হইয়াছে, তবে রুশেরা ইহা আবার সৈন্য দ্বারা বেষ্টন করিয়াছে।

—০:০—

যদিও আর্ম্মেনীয়াতে মুক্তিয়ার পাশা কয়েকটি প্রধান যুদ্ধে পরাভূত হইয়াছেন তথাচ আমরা আহ্লাদিত হইলাম যে এখনও আর্ম্মেনীয়ার মুসলমানেরা ভগ্নোদ্যম হন নাই। ভগ্নোদ্যম অতি ভয়ানক বিষয়। মুসলমানদিগের মধ্যে যত দিন এই ভগ্নোদ্যম না হইতেছে তত দিন তাহারা রুশদিগকে দমন করিতে নৈরাশ হইবেন না। রুশ কর্ত্তৃক ক্রমাগত দুই তিন যুদ্ধে পরাভূত হইয়া আঝিঝি নামক স্থানের যুদ্ধে মুসলমানেরা জয়ী হইয়াছেন। কেবল জয়ী হন নাই, দুই ঘন্টা পর্য্যন্ত রণভগ্ন রুশ সৈন্যদের পশ্চাৎ পশ্চাৎ ধাবিত হইয়া তাহাদিগের রক্তে নদী প্রবাহিত হয় এবং মৃত্যুদেহে সমর ভূমি পরিপূর্ণ হয়। যদি মুক্তিয়ার পাশা এই রূপ আর দুই একটী যুদ্ধে জয়ী হইতে পারেন তাহা হইলে আবার রুশেরা পলায়ন করিবেন।

—০:০—

আবার রাষ্ট্র হইয়াছে যে ওসমান পাশা মার্শেল-বেজিন। আমাদিগকে এক জন সম্বাদ দাতা লিখিয়াছেন যে ওসমান নানা সাহেব। আমাদের সম্বাদ দাতা লিখিয়াছেন যে যুদ্ধের অবসান হইলে যদি তুর্কেরা জয়ী হয় এবং ওসমান পাশা এখন যুদ্ধে যেরূপ বীরত্ব দেখাইতে... যদি বরাবরি সেই রূপ বীরত্ব দেখান, তাহা হইলে ওসমান পাশা যে নানা সাহেব ভিন্ন আর কেহ নহে তাহার অকাট্য প্রমাণ তিনি প্রদান করিবেন। সম্বাদ দাতা প্রকৃত ওসমান পাশাকে নানা সাহেব বলিয়া বিশ্বাস করেন অথবা তিনি কৌতুক করিয়াছেন তাহা আমরা জানি না।

—০:০—

ইষ্ট বেঙ্গল রেলওয়ে কোম্পানি ময়মন সিংহ পর্য্যন্ত ...টী লাইন খুলিবেন এই রূপ সংকল্প করিয়াছেন।

—০:০—

গবর্ণর জেনারেল নিয়ম করিয়াছেন যে, এদেশে ...কোন ব্যক্তি কোন রূপ ঘুর্ঘি খেলা করেন তাহা হইলে যাদ... তিনি আইন দ্বারা দণ্ডিত হইবেন।

—০:০—

গবর্ণমেণ্টে নেমক বিভাগের রিপোর্টে প্রকাশ করিয়াছেন যে ...৮৭০ খৃঃ অব্দে লবণ দ্বারা ২৬১১৯৫৬২ টাকা আদায় হয় এবং গত বৎসর ইহা দ্বারা ২৫৬৯০৫৬ টাকা আদায় হইয়াছে। আবার গত বৎসর হইতে এবৎসর ৩৪৭৩১ টাকা অধিব রাজস্ব আদায় হইয়াছে।

—০:০—

বাঙ্গালায় পার্ব্বতীয় ত্রিপুরা ভিন্ন আর সর্ব্বত্র শস্যের অবস্থা মন্দ নহে। তবে বৃষ্টির অভাবে কিছু ক্ষতি হইয়াছে আবার নয়াখালি ভিন্ন আর সর্ব্বত্র নানারূপ পীড়ার উপদ্রব উপস্থিত হইয়াছে।

—০:০—

গবর্ণমেণ্ট প্রান্তবাসী দুরন্ত পার্ব্বতীয়দিগকে দমন করিবার নিমিত্ত সৈন্য প্রেরণ করিতে আরম্ভ করিয়াছেন। ১১ সংখ্যক বেঙ্গাল ল্যান্সার এবং ২৭ সংখ্যক পঞ্জাব পদাতিক নমুরা হইতে ২রা নবেম্বরে জালোঝাইতে প্রেরিত হইয়াছে।

—০:০—

গবর্ণমেণ্ট স্থির করিয়াছেন যখন গবর্ণমেণ্ট প্রকাশিত রিপোর্টে প্রকাশিত হয় যে আবারেক্স অর্থাৎ মধ্যম রক... শস্য হইয়াছে, তখন লোকের ইহাই বুঝিতে হইবে যে ১২ আনা শস্য হইয়াছে।

—০:০—

এই রূপ রাষ্ট্র হইয়াছে যে আগামী দরবারে সার রিচার্ড টেম্পেল আর একটী নূতন উপাধি গ্রহণের নিমিত্ত কলিকাতায় আগমন করিবেন।

—০:০—

...গবর্ণমেণ্টের নিয়োগ...

ফেমেণ্ট টমাস লিহার্ডি সাহেব ভাগলপুর ডিবিসনে এসিষ্টাণ্ট মাজিষ্টেট হইলেন। গয়ার একটিং জজ সাহেব প্রথম শ্রেণীর জাইণ্ট মাজিষ্টেট হইলেন।

ময়মানসিংহের জজ মোজলি সাহেব এগার মাসের ছুটি পাইলেন।

টেট্রো সাহেব গয়ার প্রথম শ্রেণীর জইণ্ট মাজিষ্টেট হইলেন।

ব্রাডবারী সাহেব ২৪ পরগণার প্রথম শ্রেণীর জইণ্ট মাজিষ্টেট হইলেন।

চাম্পরনের একটিং মাজিষ্টেট সার্প সাহেব প্রথম শ্রেণীর জইণ্ট মাজিষ্টেট হইয়া দরভাঙ্গায় বদলী হইলেন।

গয়ার জইণ্ট মাজিষ্টেট ওডনেল সাহেব নওয়াদী সব ডিবিসনে বদলী হইলেন।

রাজসাহীর ডেঃ মাজিষ্টেট রিকেটস সাহেব কুঁচবেহারে বদলী হইলেন।

দারজিলিঙ্গের জইণ্ট মাজিষ্টেট কর্বিস সাহেব হুগলীতে বদলী হইলেন।

আসিষ্টাণ্ট পুলিস সুপারিণ্টেণ্ডেণ্ট গ্রেহাম সাহেব দ্বিতীয় শ্রেণীতে উন্নীত হইলেন।

আসিষ্টাণ্ট সুপারিণ্টেণ্ডেণ্ট বিমিস সাহেব এক বৎসরের ছুটি পাইলেন।

পাবনার একটিং আঃ পুলিশ সুপারিণ্টেণ্ডেণ্ট বাখরগঞ্জে বদলী হইলেন।

সাহাবাদের আঃ পুঃ সুপারিণ্টেণ্ডেণ্ট রেবান সাহেব প্রথম শ্রেণীতে উন্নীত হইলেন।

গিলিলাণ্ড সাহেব কিছু দিনের জন্য প্রেসিডেন্সি কলেজের এক জন প্রফেসর হইলেন।

বাবু রাধা নাথ রায় উড়িষ্যার স্কুল সমূহের জাইণ্ট ইনেস্পেক্টর হইলেন।

ঢাকা কলেজের প্রোফেসর তাঁহার নিয়মিত কার্য্য ব্যতীত পূর্ব্ব বিভাগীয় স্কুল ইনস্পেক্টরের আফিশের ভার প্রাপ্ত হইলেন।

বিজ্ঞাপন।

শ্রীযুত ডাক্তার অন্নদা চরণ কস্তগিরী প্রণীত মানব জন্ম তত্ত্ব ও ধাত্রী বিদ্যা ...র্দ্ধিত নবাবিষ্কারানুযায়ী পরিবর্ত্তিত হইয়া কলিকাতা ... দ্বিতীয় বার মুদ্রিত হইতেছে। তৎসঙ্গে স্তন্যপায়ী শিশুর ও স্ত্রী জাতির চিকিৎসা সহ ব্যাধি সমগ্র দেওয়া যাইতেছে। অগ্রিম মূল্য ৭ টাকা, ডাকে পাঠাইলে ৭॥০ টাকা। ঠিকানা কাশীপুর হাসপাতাল।

ইষ্টিমার ক্যাপওয়ে দ্বারা আমাদিগের নানা প্রকার হোমিওপাথিক পুস্তক ও ঔষধ আসিয়াছে। যাঁহাদিগের আবশ্যক হইবে পত্র লিখিলে অবিলম্বে প্রাপ্ত হইবেন। মূল্যের তালিকা আমাকে লিখিলে পাঠান যাইবে। নিম্ন লিখিত পুস্তক ও ঔষধ এখানে সর্ব্বদা বিক্রয়ার্থে প্রস্তুত থাকে।

বাঙ্গালা পুস্তক।

আমার প্রণীত বাঙ্গালা

হোমেওপ্যাথিক চিকিৎসা বিজ্ঞান

	প্রথম, দ্বিতীয়, তৃতীয় খণ্ড, প্রত্যেক খণ্ড	১।০
ঐ	ভৈষজ্যতত্ত্ব, ১ম, ২য় খণ্ড	১
ঐ	মতে ওলাউঠার চিকিৎসা	।০
ঐ	মেডিসিন চেষ্ট ৬০ শিশি	২৫
ঐ	ওলাউঠার বাক্স ২০ শিশি	৬
ঐ	ঐ ঐ ১০ শিশি	৩

এই ওলাউঠার বাক্সে এক খানি পুস্তক আছে; ইহা নিতান্ত সহজ বাঙ্গালায় লিখিত এবং ইহার সাহায্যে এই কঠিন পীড়া ইহার উপসর্গ এবং পরবর্ত্তী পীড়া সমূহ অতি সহজে আরোগ্য করা করা যায়। ঐ সমস্ত দ্রব্য পাঠাইতে ডাক মাশুল ও প্যাকিং খরচা পৃথক লাগিবে।

শ্রীবিহারি লাল ভাদুড়ী।
৩৪ কর্ণয়ালিস ষ্ট্রীট।

DR. H. GANGOOLY'S.

SPECIFIC PILLS.

(Infallible cures)

Gonœrhea and Gleet, infadib chancre and other ...on the private parts and Lecorrhea (the whites.) Each sort to be had in boxes containing one dozen pills, price per box Rs. 2-8.
with postage Rs. 2 Ans. 12.

Generally no second box will be required. Directions for use accompany each box. To be had only at No. 7 Bagbazar Calcutta.

যুদ্ধ সম্বন্ধীয় তারের সম্বাদ।

৬ই নবেম্বর লণ্ডন। ডুবুডসায় রুশ সৈন্যদল যাহা সিলিষ্ট্রিয়ায় অগ্রসর হইতেছিল, ঝড় উপস্থিত হওয়াতে তাহার গতি অবরোধ হইয়াছে। আচনাইতে তুর্কেরা অনেক সৈন্য সংগ্রহ করিয়াছে। আর্ম্মেনীয়া হইতে শেষ যে সম্বাদ পাওয়া গিয়াছে তাহাতে এই রূপ প্রকাশিত হইয়াছে যে রুশেরা কার্স সৈন্য কর্ত্তৃক পরিবেষ্টন করিতে আরম্ভ করিয়াছে। ডেলি টেলিগ্রাফে প্রকাশিত হইয়াছে যে ডেবিবায়ন নামক স্থানে গাজি মুক্তিয়ার পাশা বিস্তর সৈন্য সংগ্রহ করেন। রুশেরা ইহাদিগকে আক্রমণ করে। তুর্কির সৈন্যের মধ্য ভাগ রুশ কর্ত্তৃক পরাভূত হয় এবং তাহারা হটিয়া যায়। ১০ ঘন্টা যুদ্ধ হয়। যুদ্ধে মুক্তিয়ার পাশা অল্প মাত্র অস্ত্রের আঘাত প্রাপ্ত হন। পূর্ব্বে যে রাষ্ট্র হয় যে অপর রাজারা মধ্যস্থ করিয়া যুদ্ধ ক্ষান্ত করার যত্ন করিতেছেন সে সম্পূর্ণ অমূলক।

৭ই নবেম্বর। মর্ণিং পোষ্ট সম্বাদ পত্রে প্রকাশিত হইয়াছে যে তুর্কেরা আরযরুম পরিত্যাগ করিয়াছে এবং রুশেরা ইহা অধিকার করিয়াছে এবং তুর্কেরা হটিয়া এঝিনজান এবং ত্রিবিঝন্দে পলায়ন করিতেছে।

৮ই নবেম্বর। গাজি মুক্তিয়ার পাশা সরকারি পত্রে প্রকাশ করিয়াছেন যে ৫ই তারিখে একটী যুদ্ধ হয় এবং তুর্কির সৈন্যেরা হটিয়া আরজরুমে গমন করে। রুশিয় সরকারি পত্রে প্রকাশিত হইয়াছে যে ওর্চেনাইর উত্তর রাটঝা নামক স্থানে তুর্কদের নিকট হইতে রুশেরা কত শত শকট এবং বিস্তর গো মহিষ অধিকার করিয়াছে। জেনারেল স্কোবিলফ তারে সম্বাদ পাঠাইয়াছেন যে ৬ই তারিখে প্লেবেনার দক্ষিণে যে তুর্ক সৈন্য আছে সেই খানে উপস্থিত হইয়া তাহাদের প্রতি কামানের গুলি বর্ষণ করিতে থাকেন। ডুব্রুডাতে রুশিয় জেনারেল ঝিমারম্যানের অধীনে যে সৈন্য দল আছে তাহারা কাষ্টেগুসজাই নামক স্থানে শীতকাল অতিবহিত করার উদ্যোগ করিতেছে। রুশিয় সরকারি পত্রে প্রকাশিত হইয়াছে যে ৪ঠা তারিখে ডেবিবাউনে গাজি মহাম্মদ মুক্তিয়ার ও ইস্মেল একত্রিত হইয়া রুশিয় সৈন্যাধ্যক্ষ তাপুকাসবের সঙ্গে যুদ্ধ করেন। এই যুদ্ধে তুর্কেরা হারিয়া গিয়াছে। ৯ ঘন্টা যুদ্ধের পর তুর্কেরা বিশৃঙ্খল পূর্ব্বক হটিয়া যায়।

৯ই নবেম্বর। গাজি মুক্তিয়ার পাশা প্রকাশ করিয়াছেন যে ৫ই তারি... যে যুদ্ধ হয় তাহাতে রুশেরা প্রথম তাহার দক্ষিণ দিক আক্রমণ ... কিন্তু কিছু করিতে পারে না ও বিতাড়িত হয়। তদপরে তাহার মধ্য ভাগ আক্রমণ করে এবং মধ্য ভাগের সৈন্যেরা পরাভূত হয়। ... পাশা আরজরুমের চতুর্দ্দিকে ... দ্বারা উত্তমরূপে সজ্জিত করিতেছেন। ...ই নবেম্বর। গাজি মুক্তিয়ার পাশা সুলতানকে এই তারের সম্বাদ প্রেরণ করিয়াছেন। গত কল্য প্রত্যূষে ৬টার সময় আঝিঝিতে তুর্কিদের যে সৈন্য দল আছে তাহা রুশেরা আক্রমণ করে। দুইটা পর্য্যন্ত ঘোর যুদ্ধ হয়। পরিণামে রুশেরা যুদ্ধে পরাভূত হয় এবং রুশদের বিস্তর ক্ষতি হয়। তুর্কেরা দুই ঘন্টা পর্য্যন্ত ডেবিবয়ন পর্য্যন্ত রুশদিগকে কাটিতেকাটিতে তাহাদের পশ্চাদবর্ত্তী হয়। পথের দুই ধারে যত গর্ত্ত ও পগার ছিল সমুদয় রুশিয় মৃত দেহে পরিপূর্ণ হইয়াছে।

১৩ই নবেম্বর। রুশেরাওচনাইর উত্তর বাটখা নামক স্থান অধিকার করিয়াছে। ইহাতে অনেক খাদ্যাদি এবং অন্যান্য দ্রব্য তাহাদের হস্তগত হইয়াছে। রুশিয় সৈন্যরা এখন সম্পূর্ণরূপে প্লেবেনা পরিবেষ্টন করিয়াছে, কিন্তু লণ্ডন ডেলিনিউসের প্রকাশিত হইয়াছে যে,যে আহারীয় দ্রব্য আছে তাহাতে প্লেবেনাতে ৫ সপ্তাহ পর্য্যন্ত সৈন্য অবস্থিতি করিতে পারিবে। তুর্ক সরকারি পত্রে প্রকাশিত হইয়াছে রুশিয় সৈন্যরা ডেবিবেখনে সৈন্য দ্বারা পরিক্ষা প্রস্তুত করিতেছে। চেফকাতপাশা শিপকা পাশে গমন করিয়াছেন এবং ওর্চাইর সৈন্যের ভার চেকার পাশা ও মাহমদ পাশার হস্তে অর্পিত হইয়াছে।

সংবাদ।

—সিবিল ও মিলিটরি গেজেট লিখিয়াছেন অন্যান্য লোক অপেক্ষা সৈনিকদিগের মধ্যে আত্মহত্যা অধিক প্রচলিত।

—বার্লিনের এক জন বণিক রুশিয় সৈন্যের নিমিত্ত এক লক্ষ তাম্বু প্রস্তুতের কণ্ট্রাক্ট লইয়াছেন।

—বাবু নন্দমোহন চট্টোপাধ্যায়ের বক্তৃতা খানি আমরা অনেক দিন প্রাপ্ত হইয়াছি। নানা কারণ বশতঃ আমরা এ বিষয় সম্বন্ধে কিছু লিখিতে পারি নাই। আমরা সন্তোষ সহকারে এই ক্ষুদ্র পুস্তক খানি পাঠ করিয়াছি। যদিও বক্তৃতার মতের সঙ্গে অনেকে এক মত হইবেন না, তথাচ ইহাতে যে সমুদয় মত প্রকটিত হইয়াছে তাহা এ দেশীয় এক দল যুবকের মত এবং যাহারা এদেশীয় যে সমুদয় সম্প্রদায় আছে তাহাদের সমুদয়ের মত অবগত হইতে ইচ্ছা করেন তাহাদের এই ক্ষুদ্র পুস্তক খানি পাঠ করা উচিত।

[illegible] সভার সভ্য হইয়াছেন।

—যে সময় আমেরিকাতে আত্মকলহ উপস্থিত হয় সে সময় ল্যাংকসায়েরে যাহারা সূতা ও কাপড়ের কলে কাজ করিত তাহারা তুলা অভাবে এই সমুদয় কল বন্ধ হওয়াতে ভারি বিপদে পড়ে। ইহাদের সাহায্যোর্থে ইংলণ্ড ও ভারতবর্ষ হইতে বিস্তর টাকা সংগ্রহ হয়। এই টাকার অনেক উদ্বর্ত্ত হয়। উদ্বর্ত্ত টাকা দ্বারা একটী চিকিৎসালয় স্থাপিত হয়, এখনও এই ফণ্ডে ১৪০০০০ টাকা আছে। এই ফণ্ড হইতে ১৫০০০০ টাকা দুর্ভিক্ষের সাহায্যের নিমিত্ত ভারতবর্ষে প্রেরণ করার প্রস্তাব হইতেছে।

—কাসগারের আমিরের মৃত্যু সম্বন্ধে নূতন আর একটি সম্বাদ পাওয়া গিয়াছে। চিনদিগের সঙ্গে কাসগারের আমিরের অনেক দিন অবধি যুদ্ধ হইতেছে। সম্প্রতি চীনেরা গুটী কয়েক যুদ্ধে জয়ী হইয়া তুরফান নামক স্থান অধিকার করে। এই স্থানে হাকিম খাঁ তোরা গবর্ণর ছিলেন। আমির এই সম্বাদ শুনিয়া উন্মত্ত হন এবং তাহাতেই তাহার মৃত্যু হয়। নিয়ার বেগ আমিরের মৃত্যু গোপন করিয়া বেগকুলিকে সম্বাদ প্রেরণ করেন কিন্তু হাকিম খাঁ এবং অন্যান্য সৈন্যাধ্যক্ষেরা আমিরের সঙ্গে দেখা করার জন্যে জিদ করাতে আমিরের মৃত্যুর কথা প্রকাশ হইয়া পড়ে।

—মান্দ্রাজ দুর্ভিক্ষের নিমিত্ত এক ব্যক্তি আপনাকে প্রকাশ না করিয়া ঢাকা কমিশনারের নিকট ১২০০ টাকা পাঠাইয়া দিয়াছেন। আমরা এই সম্বাদটী শুনিয়া অতিশয় সন্তুষ্ট হইলাম। হিন্দুদিগের মধ্যে রাজসিক ও তামসিক বিস্তর ব্যাপার আছে কিন্তু তাহারা অহিক স্বার্থের নিমিত্ত দান করা অধিকাংশ ইংরাজ শাসনে শিক্ষা করিয়াছেন। এখন ১২০০ টাকা যিনি দান করেন তিনি কেবল দানের সঙ্গে আপনার নাম প্রেরণ করেন না, তিনি ইতিপূর্ব্বে যেখানে যাহা দান করিয়া থাকেন সে সমুদয়, এমন কি তাহার পিতা কি পিতামহ যদি কোন সৎকার্য্য করিয়া থাকেন তাহা পর্য্যন্ত প্রকাশ করেন; এতদ্ভিন্ন নিজের নাম, বাপের নাম, বাটীর ঠিকানা যে থানায় যে পোষ্টাফিসের অধীনে বাটী তাহা লিখেন, অনেক সময় আপনি হাতে করিয়া কি নিজের কর্ম্মচারী দ্বারা কর্তৃপক্ষীয়দিগকে উহা প্রেরণ করা হয়, আবার সম্বাদপত্রদিগের সাহায্যে ইহা যতদূর সম্ভব প্রচার করার যত্ন করেন। ঢাকাতে যিনি ১২০০ টাকা দান করিয়াছেন তিনি এই অনিষ্টকর শাসনে অদ্যাপি মতিভ্রষ্ট হন নাই এবং আমরা জানি পূর্ব্ব বাঙ্গালায় এরূপ প্রকৃত হিন্দু এখনও অনেক পাওয়া যায়।

—সোনপুরে যে দরবার হইবে লেফটেনেণ্ট গবর্ণর তাহাতে মহারাজা মহিপত সিংহ, বাবু ভিক্ষাণ খাঁ খাঁ বাহাদুর, চৌধুরি রুদ্র প্রসাদ রায় বাহাদুর, বাবু দুর্গ দত্ত সিংহ রায় বাহাদুর, সৈয়েদ আবু সৈয়েদ খাঁ বাহাদুর প্রভৃতিকে খেলাত অর্পণ করিবেন।

[illegible]বিল মিলিটরি গেজেট লিখিয়াছেন যে ভারতবর্ষের প্রান্ত রক্ষার নিমিত্ত গবর্ণমেণ্ট যে সংখ্যক সৈন্য প্রেরণ করিতেছেন তাহা প্রচুর নহে। তাহা দ্বারা শত্রুদিগকে অবরোধ করা অসম্ভব। আবার [illegible] হইতেছে তাহারা এক রূপ নিষ্কর্ম্ম।

—বার্লিন নগরের পোষ্ট আফিসের বন্দবস্ত অতি অপূর্ব্ব। সেখানে ১৬টী পোষ্ট আফিস আছে। মৃত্তিকার নিম্ন দিয়া এই ১৬টী পোষ্টাফিশ চোঙ্গের দ্বারা পরস্পর সংশ্লিষ্ট। প্রতি ১৫ মিনিট অন্তর এক খানি রেলওয়ের গাড়ি ইহার অনেকগুলি পোষ্টাফিসে গমন করিয়া পত্র সংগ্রহ ও বিলি করে। ২০ মিনিট এই ট্রেণ ঘোরে। যেখানে এই ট্রেণ যাইতে না পারে সেখানে চোঙ্গার দ্বারা বায়ুর শক্তিতে পত্র বিলি হয়।

—ফ্রান্সের ভূতপূর্ব্ব যুবরাজের অবস্থা শোচনীয় হইয়া উঠিতেছে। তিনি যখন বালক ছিলেন তখন তাহার পায়ের পাতাতে অস্ত্র করিতে হয় এবং এই নিমিত্ত তিনি খঞ্জ হন। সম্প্রতি আর একটি ঘটনা হওয়াতে তাহার খঞ্জতা আরো বৃদ্ধি হইয়াছে। যুবরাজ সম্প্রতি একটি নূতন স্থানে গমন করাতে জন কয়েক সৈনিক পুরুষ তাহার সম্মানার্থে বাজি পোড়ায়। এবং যুবরাজ ভাল করিয়া দেখিতে পারেন এই নিমিত্ত এক জন সৈনিক তাহাকে স্কন্ধে করিয়া বাজি দেখাইতে থাকেন। ইতি মধ্যে সহসা এই সৈনিক পুরুষের মুখে অগ্নির প্রখর উত্তাপ লাগাতে তিনি চমকাইয়া উঠেন এবং যুবরাজ তাহার স্কন্ধ হইতে অগ্নির মধ্যে পতিত হন। সকলে দৌড়াইয়া গিয়া তাহাকে অগ্নি হইতে উদ্ধার করে। কিন্তু আগুণে তাঁহার শরীরের অনেক স্থান বিশেষতঃ তাঁহার খঞ্জ পদ অতিশয় দগ্ধ হয়। এই রূপ দগ্ধ হইয়াছে যে সে পা একেবারে অকর্ম্মণ্য হইয়া গিয়াছে।

—এই রূপ রাষ্ট্র যে ক্যাম্বেল মেডিকেল স্কুলে একজন এদেশীয় সুপারিণ্টেণ্ডেণ্টের অধীনে রক্ষিত হইবে।

—আমরা পূর্ব্বে প্রকাশ করিয়াছি যে পাটনার বিখ্যাত ওহাবি মকদ্দমার আমির খাঁকে গবর্ণমেণ্ট মুক্তি প্রদান করিয়াছেন। তিনি মুক্তি লাভ করিলে কলিকাতায় তাহাকে বাঙ্গালি ও মুসলমান বিস্তর লোক দেখিতে উপস্থিত হয়। আমির খাঁর বয়স এখন ৮৫ বৎসর, তিনি সম্পূর্ণ বধির হইয়াছেন ও তাহার চক্ষের দীপ্তিও কমিয়াছে। তাহাকে এত লোক দেখিতে আইসে যে সে গোলযোগ সহ্য করিতে না পারিয়া তাহার জ্বর হয়।

—এক খানি বিলাতি সম্বাদ পত্রে প্রকাশিত হইয়াছে যে, নেপোলিয়ান [illegible] রূশ গবর্ণমেণ্টের এখনও তুর্কি যুদ্ধে তত ব্যয় হয় না[illegible] বরোডিনো নামক স্থানের একটী যুদ্ধে এবং ১২ ঘণ্টার মধ্যে রূশিয়ার যত সৈ[illegible] নষ্ট হয় বর্ত্তমান যুদ্ধে রূশিয়ার এখনও তত সৈন্য নষ্ট হয় নাই। জ[illegible]নীয়েরা যখন বেজিনের সৈম্য মেটজে তাড়াইয়া লইয়া যায় সেই সময়ও যত সৈন্য নষ্ট হয় বোধ হয় রূসদের এই পর্য্যন্ত তত সৈন্য নষ্ট হয় নাই। আমেরিকার আত্মকলহে যত লোক মরে বর্ত্তমান যুদ্ধে এখনও তত লোক মরে নাই।

—আমরা ইতিপূর্ব্বে প্রকাশ করি যে জাপানবাসীরা একখানি ক্ষুদ্র রণতরী প্রস্তুত করিয়াছে। আবার সম্প্রতি সম্বাদপত্রে প্রকাশিত হইয়াছে যে চিনেরা এক খানি জাহাজ প্রস্তুত করিয়াছে। চিনদিগের মত শিক্ষানবিশ বোধ হয় পৃথিবীতে আর নাই, আবার শিল্প, যন্ত্র নির্ম্মাণ প্রভৃতি কার্য্যে ইহারা যেরূপ তৎপরতা দেখায় পৃথিবীর অতি অল্প লোকে সেরূপ দেখাইয়া থাকে। চিনেরা আজ কয়েক বৎসর ইংরাজদিগের অধীনে থাকিয়া জাহাজ নির্ম্মাণ করা শিক্ষা করিয়াছে। এই রূপ শিক্ষা করিয়া শেষে নিজ হস্তে এক খানি জাহাজ প্রস্তুত করিতে আরম্ভ করে। ১লা অক্টবরের অপরাহ্নে এই জাহাজ জলে ভাসান হয়। এই জাহাজ নির্ম্মাণার্থে কোন রূপ সাহায্য তাহারা অপরের নিকট গ্রহণ করে নাই। তাহারা নিজে২ সমুদয় করিয়াছে। বিলাতি জাহাজের সঙ্গে ইহার কোন ইতর বিশেষ নাই।

—সৈনিক বিভাগের মধ্যে কি ভয়ানক কঠোর শাসন প্রচলিত তাহা নিম্নের কয়েকটী উদাহরণ দেখিলে কতক বুঝা যাইবে। বারাকপুরে ইসায়া পোর্টার নামক এক জন কামানের শকট চালক অপর সৈন্যকে রাগতঃ হইয়া বলে যে সে তাহার নাক ভাঙ্গিয়া দিবে। এই অপরাধে পোর্টারের কঠিন পরিশ্রমের সহিত ৫০ বৎসরের নিমিত্ত কারাবাসের আজ্ঞা হইয়াছে। ইহার তিন বৎসর তাহাকে ভারতবর্ষে থাকিতে হইবে। আর এক জন শকট চালক বলে যে সে ঘোড়ার সাজ পরিষ্কার করিবে না। এই ব্যক্তির কঠিন পরিশ্রমের সহিত ৭৩ দিন কারাবাসের আজ্ঞা হইয়াছে। বোনার নামক আর এক জন মদ্যপানে উন্মত্ত হইয়া তাহার সারজনকে গালি দেয় ও চপেটাঘাত করে। এই অপরাধে ইহার প্রতি আজ্ঞা হইয়াছে যে এ ব্যক্তি কঠিন পরিশ্রমের সহিত পাঁচ বৎসর কারাগারে বাস করিবে এবং কারাগার হইতে মুক্ত হইলে কলঙ্কের সঙ্গে সৈনিক বিভাগ হইতে বহিষ্কৃত হইবে।

—গত দুই বৎসর হইতে উত্তর বেহারে শোরার কারবার ভারি বৃদ্ধি হইয়াছে। বেহারিরা অপরিষ্কৃত শোরা প্রস্তুত করিয়া কলিকাতায় চালান দেয় এবং কলিকাতাবাসীরা ইহা পরিষ্কার করিয়া বিক্রয় করে। অপরিষ্কৃত শোরা ইহারা প্রতি মণ ২।৩ টাকায় ক্রয় করে ও একটু পরিষ্কার করিয়া ইহা ৮ টাকাতে বিক্রয় করে।

